

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটির ০৩/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

দপ্তর স্মারক সূত্র নং ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.২১/তারিখ: ১১/০৪/২০২১ ইং মোতাবেক কোম্পানীর তথা জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটির সদস্যগণের উপস্থিতিতে গত ০৫/০৯/২০২১ ইং বাপেক্স বোর্ড রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপেক্সের ইনোভেশন কমিটির আহ্বায়ক মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সন্নিবেশ করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর বাপেক্সের ২০২১-২২ পঞ্জিকা বছরে ইনোভেশন কমিটির করণীয় ও ইতিমধ্যে গৃহীত কার্যক্রম, বাস্তবায়ন অগ্রগতি এবং করণীয় বিষয়াদি নির্ধারণকল্পে আলোচনা করতঃ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

২। আলোচনাঃ-

২.১। মন্ত্রী পরিষদ কর্তৃক নতুন প্রবর্তিত ই- গভর্নেন্স ও উদ্ভাবন / ইনোভেশন ছক এর আলোকে আলোচনায় ২০২১-২২ অর্থবছরে প্রণয়নকৃত বিভিন্ন কর্মপরিকল্পনার আলোকে গৃহীত ও বাস্তবায়িত বিষয়াদি উপস্থাপন করা হয়। যেহেতু ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের সাথে দপ্তর পর্যায়ে ই-গভর্নেন্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম যথাযথ বাস্তবায়ন একান্ত জরুরী। সভায় বাপেক্সের ই-টেক্সটাইলিং এর বর্তমান অবস্থা এবং ই-ফাইলিং, অনলাইন ই-স্টোর ব্যবস্থাপনা ও ই-গভর্নেন্স সিস্টেম বাস্তবায়ন এবং অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সভায় বাপেক্সের কর্মকর্তা ও কর্মচারীগণের প্রয়োজনীয় ব্যক্তিগত তথ্য সমূহ হালনাগাদ করনে কর্তৃপক্ষের সহিত মতামত সাপেক্ষে একটি সমৃদ্ধ এইচআর ডাটাবেজ ম্যানেজমেন্ট প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপেক্ষিতে প্রণয়নকৃত ছক এ বর্ণিত কার্যক্রম এর আলোকে নিম্নরূপে পদক্ষেপ গ্রহন করা যেতে পারে।

ক) ই-নথি ব্যবহার বৃদ্ধি : বাপেক্স আইসিটি উপবিভাগ কর্তৃক বাপেক্সের সকল দপ্তরে ই-নথি ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সময়ান্তে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করে যাচ্ছে। এছাড়া ই-নথি বিভিন্ন কারিগরি সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে যাচ্ছে।

খ) তথ্য বাতায়ন হালনাগাদ করন : তথ্য বাতায়নে বাপেক্স ওয়েব পোর্টালের সকল সেবা বক্স প্রতিনিয়ত বিভিন্ন বিভাগের পরামর্শ / মতামতের আলোকে বাপেক্স আইসিটি উপবিভাগ কর্তৃক হালনাগাদ হচ্ছে।

গ) ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নকল্পে প্রশিক্ষণ আয়োজন করা : বাপেক্সের প্রশিক্ষণ আয়োজন সংশ্লিষ্ট এইচআরএম উপবিভাগের মাধ্যমে ই-গভর্নেন্স ও উদ্ভাবন, চতুর্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ, সাইবার সিকিউরিটি, দাপ্তরিক ডিজিটাইজেশন ব্যবস্থাপনা, প্রকৌশল / খনন / উৎপাদন ব্যবস্থাপনায় উদ্ভাবন ও আধুনিকায়ন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করার পদক্ষেপ গ্রহন করা।



সভায় বাপেক্সের ২০২১-২২ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় প্রনয়ণকৃত এবং গৃহিত বিষয়াদি যথাযথভাবে বাস্তবায়ন এবং এপিএ এর সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখায় সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০২.২০২১  
(মোহাম্মদ আবুল বশর)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

ও

আহবায়ক, ইনোভেশন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি

বিতরণ :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
- ২। বাপেক্স ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ।